দৈনিক
# ইত্তেফাক

তারিখ 24 SEP 2017
পৃষ্ঠা ৫ কলাম 2

# শ্রীনগরে বিদ্যালয়ের ছাদের পলেস্তারা খসে পড়ে ১০ ছাত্রী আহত

■ মুন্সীগঞ্জ প্রতিনিধি

মুন্সীগঞ্জের শ্রীনগরে বিদ্যালয়ের ছাদের পলেস্তারা খসে পড়ে ১০ ছাত্রী আহত হয়েছে। শনিবার বেলা ১১ টার দিকে শ্রীনগর সরকারি সুফিয়া এ হাই খান বালিকা উচ্চ বিদ্যালয়ে ঐ দুর্ঘটনা ঘটে। আহতদের মধ্যে আয়শা আক্তার (১৩) ও জেরিন আক্তারকে (১৩) শ্রীনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে।

প্রত্যক্ষদর্শীরা জানান, বিদ্যালয়ের ৬ষ্ঠ শ্রেণির পাঠদানের সময় হঠাৎ করে বড় আকারের পলেস্তারা খসে ছাত্রীদের মাথার উপর পড়ে। এ সময় অন্তত ১০ ছাত্রী আহত হয়। ভবন ধসের আতঙ্কে ছাত্রীরা চিৎকার শুরু করে এবং দৌড়ে ক্লাস রুম থেকে বেরিয়ে আসে। এ সময় অন্যান্য শ্রেণির ছাত্রীরাও স্কুলের বাইরে চলে আসে। সরেজমিনে গিয়ে দেখা যায় ১৯৮৩ সালে নির্মিত দ্বিতল ভবনটির জরাজীর্ণ অবস্থা।

সদ্য যোগদান করা বিদ্যালয়টির প্রধান শিক্ষকা শাহানারা বেগম জানান, অন্য শিক্ষকরা জানিয়েছেন দুই বছর আগে পলেস্তারা খসে পড়ার ঘটনা ঘটেছিল। তা মৌখিক ভাবে উপজেলা প্রকৌশল অফিসে জানানোর পর তারা পরিদর্শন করে জানিয়েছিল এখনো পর্যন্ত ভবনটি পরিত্যক্ত ঘোষণা করার সময় হয়নি। কিন্তু দুই বছরে ভবনের অনেক পলেস্তারা খসে পড়েছে এবং একাধিক ফাটল দেখা দিয়েছে। পাঠ দান করার সময় ছাত্রীদের পাশাপাশি শিক্ষকরাও আতঙ্কে থাকেন।

শ্রীনগর উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও ভারপ্রাপ্ত নির্বাহী কর্মকর্তা সৈয়দ ফায়েজুল ইসলাম জানিয়েছেন, বিষয়টি প্রধান শিক্ষকের মাধ্যমে অবগত হয়েছি। রবিবার উপজেলা ইঞ্জিনিয়ার নিয়ে ভবনটি পরিদর্শন করে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।

**পাগলা কুকুরের কামড়ে আহত ২৫**

মুন্সীগঞ্জে শ্রীনগরে পাগলা কুকুরের কামড়ে শিশুসহ কমপক্ষে ২৫ জন আহত হয়েছে। আহতদের মধ্যে ১২জনকে হাসপাতালে ভর্তি করা হয়েছে।

গ্রামবাসীরা জানান, শ্রীনগরে আটপাড়া ইউনিয়নের কল্লিগাঁও, আটপাড়া, পূর্ব দেউলভোগসহ ৪টি গ্রামে শুক্রবার রাতে কয়েক ঘণ্টায় ৩/৪টি পাগলা কুকুর কমপক্ষে ২৫ জনকে কামড় দেয়।

পাগলা কুকুরের কামড়ে গুরুতর আহত কল্লিগাঁও গ্রামের মিজান (২৮), জয়েন্ত (১২), সোহেল (২৮), আটপাড়া গ্রামের বাবুল (৪৬), রিজু (১৮), লিটন (৪৩), পূর্ব দেউলভোগ গ্রামের সিফাত(১৪), ইসহাক (১৪), মুস্তাকিম (১৭), রহিম (৫০) এবং হরপাড়া গ্রামের নিহাকে (৮) ঢাকার মহাখালী হাসপাতালে নেওয়া হয়েছে। গ্রামবাসী এখন পাগলা কুকুরের আতঙ্কে রয়েছে।

শ্রীনগর উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা ডা. রেজাউল ইসলাম জানান, আহত অনেক রোগীই আমাদের স্বাস্থ্যকেন্দ্রে এসেছিল। কিন্তু প্রয়োজনীয় ভ্যাকসিন না থাকায় আমরা তাদের চিকিৎসা দিতে পারিনি। তাদেরকে মুন্সীগঞ্জ জেনারেল হাসপাতাল এবং ঢাকায় মহাখালী হাসপাতালে গিয়ে ভ্যাকসিন নেওয়ার পরামর্শ দেওয়া হয়েছে।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.................................
তারিখ.................................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ই.এম.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর